



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ টাঃ-৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অফিসের ১(এক)টি শূন্য কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ পূরণের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগে স্নাতক/সমমান পাস হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন ওয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইচ্ছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ পূর্বক রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২০-১২-২০১৭ খ্রিষ্টাব্দ /০৬-০৯-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।

জ্ঞানই জীবন